অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

প্রস্তুতকৃত মন্তব্য: গভর্নর HOCHUL (হোকল) 2025 সালের স্টেট অফ দ্য স্টেট ভাষণ দিলেন

8.3 মিলিয়নের বেশি মধ্যবিত্ত নিউ ইয়র্কবাসীর ট্যাক্স কমিয়ে দিয়ে, ইনফ্লেশন রিফান্ড চেক পাঠিয়ে এবং চাইল্ড ট্যাক্স ক্রেডিট বাড়িয়ে দিয়ে নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করা হবে

প্ল্যাটফর্ম এবং ট্রেনে NYPD-এর উপস্থিতি বাড়ানোর জন্য নিউ ইয়র্ক সিটির সাথে পার্টনার হয়ে সাবওয়ের নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়া হবে; নিরাপত্তা উন্নয়নে বিনিয়োগ

'আনপ্লাগ অ্যান্ড প্লে' শুরু করে নিউ ইয়র্কের শিশুদের সমর্থন করা হবে যা তাদের ফোন ব্যবহার কম করতে এবং সক্রিয় থাকতে সাহায্য করবে

বাসার দাম ও ভাড়া বাড়িয়ে দেয় এমন কর্পোরেট শক্তির মোকাবেলা করে হাউজিং সঙ্কটকে সামলা দেওয়া হবে, গত বছরের রূপান্তরকারী হাউজিং ডিলকে অগ্রসর করা হবে

আগামী দিনের ওয়ার্কফোর্স গঠন করার জন্য নিউ ইয়র্ক চাহিদা আছে এমন ক্যারিয়ার গড়তে প্রাপ্তবয়স্ক স্টুডেন্টদের জন্য বিনামূল্যে SUNY এবং CUNY কমিউনিটি কলেজের সুযোগ দিবে

201টি রূপান্তরমূলক প্রস্তাবনা নিউ ইয়র্কবাসীর পকেটে অর্থ দিবে, নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করবে এবং নিশ্চিত করবে যাতে আমাদের স্ট্রিট এবং সাবওয়ে আরো নিরাপদ হয়

2025 সালের স্টেট অফ দ্য স্টেটের বুক এখানে পাওয়া যাবে

আমাদের জীবনে ঈশ্বরের উপস্থিতি আমাদেরকে মনে করিয়ে দেওয়ার জন্য আমাদের ক্ল্যার্জিকে ধন্যবাদ জানাচ্ছি।

সিনেটের মেজোরিটি লিডার Andrea Stewart-Cousins-কে (অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স) ধন্যবাদ জানাতে চাই। স্পিকার Carl Heastie (কার্ল হিস্টি), তিন বছর ধরে অ্যাসেম্বলি চেম্বারে আমাকে

হোস্ট করার জন্য ধন্যবাদ। অ্যাটর্নি জেনারেল Tish James (টিশ জেমস), কম্পট্রোলার Tom DiNapoli (টম ডিনাপোলি), লেফটেন্যান্ট গভর্নর Antonio Delgado (অ্যান্টনিও ডেলগাডো), অ্যাসেম্বলির মেজোরিটি লিডার Crystal Peoples-Stokes (ক্রিস্টাল পিপলস-স্টোকস), সিনেটের মাইনোরিটি লিডার Rob Ortt (রব ওর্ট), অ্যাসেম্বলির মাইনোরিটি লিডার Will Barclay (উইল বার্কলে), নিউ ইয়র্ক কোর্ট অফ আপিলসের (New York Court of Appeals) বিচারকগণ, নিউ ইয়র্ক সিটির (New York City) মেয়র Eric Adams (এরিক অ্যাডামস), এবং পুরো স্টেটের মেয়র ও কাউন্টি এক্সিকিউটিভগণ, লেবারের প্রতিনিধিগণ এবং বিশিষ্ট অতিথিবৃন্দ, আমার কেবিনেটের সদস্যগণ, সেক্রেটারি Karen Persichilli Keogh (ক্যারেন পার্সিচিলি কীও), এক্সিকিউটিভ চেম্বারের সিনিয়র টিম, এবং আমি অতি গর্বের সাথে নিউ ইয়র্কের ফার্স্ট জেন্টলম্যান William Hochul-কে (উইলিয়াম হোকল) সম্ভাষণ জানাচ্ছি।

আমার প্রিয় নিউ ইয়র্কবাসী, আমাদের মহান স্টেট, এম্পায়ার স্টেটের অবস্থা সম্পর্কে আলোকপাত করার সময় দুটি বিষয় আমার কাছে খুব স্পষ্ট। জীবনের অতি প্রয়োজনীয় সবকিছুর সামর্থ্য রাখার ক্ষমতা প্রতিটি পরিবারের থাকার উপর, এবং আমাদের বাসিন্দাদের সুরক্ষা ও নিরাপত্তা রক্ষা করার আমাদের ক্ষমতার উপর আমাদের ভবিষ্যৎ নির্ভর করছে। কিন্তু লড়াই না করে আমরা এই লক্ষ্যগুলি অর্জন করতে পারবো না।

তাই প্রত্যেক নিউ ইয়র্কবাসীর কাছে আমার প্রতিশ্রুতি হলো এটি: আপনার পরিবারই আমার লড়াই। এটিই হলো গত তিন বছরে আমরা যা কিছু করেছি তার সব কিছুর পেছনের অনুপ্রেরণা ও আবেগ।

যখন আমরা মিনিমাম বেতন বাড়িয়ে দেয় এবং সেটিকে ইনফ্লেশনের সাথে সম্পর্কিত করে দেই, এর কারণ ছিলো আমার এই বিশ্বাস যে দাম বেড়ে গেলে বেতনও বাড়া উচিত।

যখন আমরা চাকরি যোগ করেছি এবং টিউশন সহায়তা, শিক্ষার তহবিল, এবং গণপরিবহনের বিনিয়োগকে ইতিহাসের সর্বোচ্চ পর্যায়ে বাড়িয়ে দেই, এর কারণ ছিলো এই যে সফল হওয়ার জন্য সেরা সুযোগ আপনার পরিবারের প্রাপ্য।

যখন আমরা ইন্স্যুরেন্স কোম্পানিগুলির সাথে লড়াই করেছি এবং ইনসুলিনের জন্য কো-পে বন্ধ করেছি, এর কারণ ছিলো এই যে আপনার পরিবারের স্বাস্থ্য ইন্স্যুরেন্স কোম্পানির লাভের থেকে বেশি গুরুত্বপূর্ণ।

যখন আমরা সবেতন প্রিন্যাটাল ছুটির জন্য লড়াই করেছি, তা এজন্য করা হয়েছে যাতে প্রেগন্যান্ট মহিলারা নিজেদের আয় না হারিয়ে মেডিকেল কেয়ার পেতে পারে কারণ আপনার শিশু ও আপনার পরিবারের স্বাস্থ্যের সবসময় অগ্রাধিকার পাওয়া উচিত।

যখন আমরা সোশ্যাল মিডিয়া জায়ান্টদের মোকাবেলা করেছি, লবিস্ট এবং মামলার একটি আর্মির বিরুদ্ধে লড়াই করেছি ও জিতেছি, তার কারণ ছিলো আপনার শিশুদের মানসিক স্বাস্থ্যের থেকে কর্পোরেট লাভকে বেশি গুরুত্ব দেওয়া আসক্তিজনক ফিড বন্ধ করা।

যখন আমরা পঞ্চাশ বছরের মধ্যে সবথেকে ফলপ্রসূ হাউজিং পলিসি পুরো স্টেটে নিশ্চিত করি এবং নিউ ইয়র্ক সিটিকে সিটি অফ ইয়েস (City of Yes) হিসেবে নিশ্চিত করি, এটি ইঙ্গিত করে যে আমরা বুঝি একটি বাসা আপনার পরিবারের জন্য সবকিছু।

আমরা এইসব করেছি কারণ নিজের পকেটে আরো অর্থ থাকা এবং গর্বের সাথে নিজের বাসা বলার মতো একটি স্থান আপনার পরিবারের প্রাপ্য।

কিন্তু আমি জানি যে কাজ শেষ হয়ে যায়নি।

অপরাধ সম্পর্কে দুশ্চিন্তা এবং প্রতিদিনের চাহিদা পূরণ করার সংগ্রাম অনেক বেশি। আমাদের স্টেটকে বাসযোগ্য হতে হবে এবং মানুষের এখানে বাস করার সামর্থ্য থাকতে হবে। নিউ ইয়র্কের পরিবার ও শিশুদের জন্য লড়াই আমাদেরকে চালিয়ে যেতেই হবে। এবং এর ফল দিতে থাকতে হবে।

নিরাপদ স্ট্রিট ও সাবওয়ে।

ভালো চাকরি ও আরো বেশি বেতন।

সত্যিকারের সাশ্রয়ী আবাসন।

এবং দ্রুত গণপরিবহন ও নির্ভরযোগ্য ইনফ্রাস্ট্রাকচার।

আজকে, আমি এমন একটি নিউ ইয়র্কের জন্য আমার ভিশন জানাতে যাচ্ছি যেখানে পরিশ্রমী মানুষ অগ্রসর করতে পারবে, যেখানে শিশুরা তাদের এলাকায় নিরাপদে খেলতে পারবে, যেখানে সুযোগ থাকবে অফুরন্ত, এবং যেখানে চ্যাম্পিয়ন তৈরি করা হবে।

বড় হওয়ার সময় আমার ঠিক এমনটাই মনে হতো।

প্যারেন্টরা টেবিলে খাবার রাখতে পারতেন কারণ তাদের কাছে স্টিল মিলে বা Ford বা GM প্ল্যান্টে ভালো ইউনিয়ন চাকরি ছিলো। তারা সবসময় বিশ্বাস করতেন যে তাদের সন্তানদের কাছে একই, বা আরো ভালো সুযোগ থাকবে।

এটি বলা যাবে না যে কোনো কোনো সময় জীবন অনেক কঠিন ছিলো। আমার বাবা মা একটি ট্রেলার পার্কে তাদের বিবাহিত জীবন শুরু করেন যেখানে আমার ভাইয়ের জন্ম হয়। যখন আমার জন্ম হয় তখন আমরা একটি স্টিল প্ল্যান্টের আড়ালে অত্যন্ত ছোট একটি অ্যাপার্টমেন্টে থাকতাম, আমার বাবা এবং চাচারা এবং দাদা সেই মিলে কাজ করতেন।

ধীরে ধীরে আট সদস্যের হয়ে উঠা একটি পরিবারকে খাওয়াতে আমার মা কৃপণতা ও সঞ্চয় করতেন। তিনি ফ্রিজারে রাখা মেয়াদ শেষ হওয়া রুটি দিয়ে স্প্যাম স্যান্ডউইচ বানাতেন এবং লেঅ্যাওয়েতে আমাদের কাপড় কিনতেন। কিন্তু আমাদের কখনোই মনে হয়নি আমরা আমাদের পরিস্থিতিতে আটকা পড়ে আছি। এবং আমরা কখনোই আশা ছেড়ে দেইনি।

আমার যখন 13 বছর বয়স ছিলো তখন Main Street-এর মেয়েদের দোকানে একটি স্টাইলিশ লাল প্লাস্টিকের রেনকোটের উপর আমার নজর পড়েছিলো। এটি একটি বড় খরচ ছিলো এবং আমি জানতাম যে এর দাম আমার বাবা মায়ের কাছ থেকে আমি কখনোই চাইতে পারবো না। তাই বেবিসিটিং করে আমি যে অর্থ পেতাম, যা ছিলো ঘণ্টায় 50 সেন্ট, তার প্রতিটি পেনি আমি জমিয়ে রাখতাম যতক্ষণ পর্যন্ত আমি নিজে এই দাম দিতে পেরেছি। আমার নিজের অর্থ দিয়ে সেই কোট কিনতে কয়েক মাস সময় লেগেছিলো এবং সেটি বিশাল এক অর্জন মনে হয়েছিলো। একজন কমবয়সী টিনেজারের জন্য এটি ছিলো প্রমাণ যে পরিশ্রম আর ধৈর্য নিয়ে কাজ করলে সব কিছু সম্ভব।

কিন্তু তার মাত্র কয়েক বছর পরেই সেই দোকানটি এবং অন্য আরো অনেক দোকান অন্ধকার হয়ে যায়।ফাইভ এবং ডাইম, সোডা কাউন্টার, টিকে থাকা শেষ কাপড়ের দোকানগুলি: সব নেই হয়ে যায়। সময়টি ছিলো 1970-এর দশক। ইনফ্লেশন ছিলো 13 শতাংশ। অপরাধের কোনো লাগাম ছিলো না।কারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছিলো। আমাদের জমি এবং আমাদের বাতাস এবং আমাদের পানি অনেক দূষিত ছিলো। পৃথিবী বদলে যাচ্ছিলো।

এবং অনেক কমিউনিটি তাদের কারখানা হারিয়ে ফেলে, চাপে পড়ে, এবং উঠে দাঁড়াতে হিমশিম খায়। বাফেলোর (Buffalo) Bethlehem Steel, রোচেস্টারের (Rochester) Kodak, সিরাকিউজের (Syracuse) Carrier, সাউদার্ন টিয়ারের (Southern Tier) Endicott Johnson বা লং আইল্যান্ডের (Long Island) Northup Grumman যেখানেই কাজ করুন না কেনো, সময়ের সাথে সাথে মানুষ মনে করতে শুরু করে তারা প্রতারিত হয়েছে। আমার পাঁচজন ভাইবোনের সবাইকে বাড়ি ছেড়ে যেতে হয় কারণ অন্যান্য স্টেটে আরো বেশি কাজ পাওয়া যাচ্ছিলো।

এটি সত্যিই কষ্ট দিয়েছিল। এমন না যে শুধু চাকরি চলে যাচ্ছিলো। আশাও চলে যাচ্ছিলো।

আমি এটি ইতিহাসের শিক্ষা দেওয়ার জন্য আপনাদের বলছি না বরং এটি জোর দিয়ে বলছি যে কেনো এই লড়াইগুলি আমার জন্য ব্যক্তিগত। আমার এখনো মনে হয় এগুলি গতকালের ঘটনা। এগুলি শুধু ইতিহাস নয়। মিলেনিয়ালদের 2008 সালে ঠিক এমনই মনে হয়েছিলো যখন গ্রেট রিসেশন (Great Recession) তাদের ভবিষ্যতকে দুর্বল করে দেয়।

আমার যখন বয়স কম ছিলো তখন যেই উদ্বেগ ব্যাপকভাবে ছিলো তা এই স্টেটের মানুষ, আমাদের প্রতিবেশীদের মধ্যে থাকুক এমনটি আমি কখনোই চাই না। সেজন্য আমি টিকে থাকতে এবং লড়াই করার সিদ্ধান্ত নিয়েছি। যারা বাদ পড়েছে তাদের সংগ্রাম ও কষ্ট দেখেই আমি অফিসের জন্য নির্বাচন করতে, কঠিন সময়ের মধ্যে আছে এমন কমিউনিটিগুলির কণ্ঠ হয়ে উঠতে অনুপ্রাণিত হয়েছি, কারণ আমার নিজেরও সেই অভিজ্ঞতা আছে।

আজকে, আমি খুব ভালো করেই জানি…নিউ ইয়র্কবাসীরা কষ্টে আছে। ইনফ্লেশন। আকাশচুম্বী দাম। এমন বেতন যা দিয়ে কাজ চালানোই যাচ্ছে না। বদলে যেতে থাকা অর্থনীতি। অধিক চাহিদা এবং অশান্ত একটি পৃথিবীতে ব্যাপক অনাকাঙ্ক্ষিত আগমন।

সেজন্য আমি নিউ ইয়র্ককে আপনার ও আপনার পরিবারের জন্য আরো নিরাপদ, আরো স্বাস্থ্যকর, আরো পরিষ্কার, এবং আরো সাশ্রয়ী করার জন্য দিনরাত লড়াই করছি।

কারণ, যেমনটি আমি বলেছি: আপনার পরিবারই আমার লড়াই।

গতকাল, আমি পুরো ক্যাপিটাল ডিস্ট্রিক্টের 200 জনের বেশি হাই স্কুল সিনিয়র এবং Hudson Valley Community College-এর স্টুডেন্টদের সাথে দেখা করেছি। তারা নিজেদের আসার কথা বলেছে এবং ভবিষ্যৎ সম্পর্কে প্রশ্ন করেছে। চলুন সরাসরি তাদের কথা শোনা যাক!

[Video Segment]

গতকালকের আমার ভিজিট মনে করিয়ে দিয়েছে আমরা কাদের জন্য লড়াই করি এবং আমাদেরকে তাদেরকে, এই কমবয়সীদেরকে অবশ্যই দেখাতে হবে যে তারা এখানে সমৃদ্ধি করতে পারবে, যে তাদের ভবিষ্যৎ এখানেই।

আমি এটি বলতে চাই যে, একটি স্টেট অফ দ্য স্টেটের ভাষণ ফুলের অলঙ্করণে ভরা থাকতে পারে এবং তারপরেও তা মানুষের চাহিদা পূরণ করতে ব্যর্থ হতে পারে। আমি বিশ্বাস করি যে শুধু বড় বড় কথা বলাই যথেষ্ট না। এটিকে একটি সুস্পষ্ট ব্লুপ্রিন্ট হতে হবে যা মানুষ বুঝতে পারে এমন সত্যিকারের ফলাফল দিতে পারবে। নিউ ইয়র্কবাসীরা সেই আশাই করছে এবং আজকে আপনারা তাই দেখবেন: 2025 সালের জন্য একটি সাহসী, বাস্তব করার যোগ্য পরিকল্পনা যেখানে ক্রয়ক্ষমতা এবং জননিরাপত্তাকে সামনে রাখা হয়েছে।

ক্রয়ক্ষমতা এবং কীভাবে আপনার পকেটে আমি অর্থ ফেরত দেওয়ার পরিকল্পনা করছি সেটি দিয়ে শুরু করা যাক।

প্রথমত, আমি একটি ব্যাপক মধ্যবিত্তদের ইনকাম ট্যাক্স কমানোর আহ্বান করছি যা 323,000 মার্কিন ডলারের কম আয় করা 8.3 মিলিয়ন ট্যাক্সপেয়ারকে লাভবান করবে। আমি আজকে যে ট্যাক্স কমানোর প্রস্তাব করেছি এবং আগামী মাসগুলিতে যার জন্য লড়াই করবো তা সাত দশকের মধ্যে সবথেকে কম ট্যাক্স হারের ব্যবস্থা করবে এবং পরিশ্রমী ট্যাক্সপেয়ারদের 1 বিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে।

শুধু এটিই ক্রয়ক্ষমতার যুদ্ধে নিউ ইয়র্কবাসীদের জন্য একটি বিশাল বিজয়। কিন্তু এটি কেবল শুরু।

এটি সত্যি যে শুধু নিউ ইয়র্কবাসী নয় বরং বহু আমেরিকানরা কোভিডের পর থেকে ইনফ্লেশনের কারণে অনেক চাপে আছে। যেহেতু দাম বেড়ে গেছে তাই আমাদের সেলস ট্যাক্সও বেড়ে গেছে। কিন্তু আমি বিশ্বাস করি যে: এই বাড়তি অর্থ স্টেটের ভাণ্ডারে নয়, বরং আপনাদের পকেটে থাকা উচিত।

আর সেজন্যই আমি দেশের সর্বপ্রথম ইনফ্লেশন রিফান্ডের প্রস্তাব করেছি। আমার পরিকল্পনার অধীনে আমরা 8.6 মিলিয়ন পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর কাছে সরাসরি বিলিয়ন বিলিয়ন মার্কিন ডলার বাড়তি সেলস ট্যাক্স রেভিনিউ ফেরত দিবো। আমি বয়স্ক মানুষ, সম্প্রতি গ্র্যাজুয়েট করা, বছরে 300,000 মার্কিন ডলারের কম আয় করা পরিবারের কথা বলছি। এটি একটি পার্থক্য তৈরি করছে। ব্যক্তির জন্য তিনশত মার্কিন ডলার। পরিবারের জন্য পাঁচশত মার্কিন ডলার। এটি হলো আপনার পকেটে ফেরত দেওয়া সত্যিকারের অর্থ।

তো আসুন দেখা যাক: আমরা এখন পর্যন্ত কী করেছি? ঐতিহাসিকভাবে মধ্যবিত্তদের ট্যাক্স কমানো, ইনফ্লেশন রিবেট চেক…কিন্তু এগুলিই সব নয়।

শিশুসহ পরিবারের আরো রিলিফ দরকার। এবং নিউ ইয়র্কের প্রথম মা গভর্নর হিসেবে আমি ব্যক্তিগতভাবে জানি যে শুরু দিকের বছরগুলিতে সবথেকে বেশি খরচ হয়: ডায়াপার, ফর্মুলা, কাপড় যা প্রতি তিনমাসে ছোট হয়ে যায়। এবং সেজন্যই 2023 সালে আমি বলেছিলাম যে আসুন প্রথমবারের মতো চার বছরের কম বয়সের শিশুদের জন্য আমাদের চাইল্ড ট্যাক্স ক্রেডিট (Child Tax Credit) দেওয়া যাক, যা 600,000-এর বেশি পরিবারের জন্য আর্থিক একটি লাইফলাইন দিবে। কারণ আমার কাছে এর কোনো অর্থই ছিলো না যে ক্রেডিট শুরু হয় তখন, যখন শিশুরা প্রায় কিন্ডারগার্টেনে যাওয়া শুরু করে।

মাত্র কয়েকদিন আগে আমি Tasia Brown-এর (তাসিয়া ব্রাউন) সাথে দেখা করি, তিনি দুই বছরের একটি বাচ্চাসহ তিন সন্তানের মা। তিনি বলেন যে গত বছর তিনি যখন একটি চেক পান তখন তার মনে হয়েছিলো এটি তার জন্মদিন। তিনি তার ইউটিলিটি বিল দেন, কিছু বাড়তি মুদি পণ্য কিনেন এবং এমনকি দুশ্চিন্তা ছাড়া তার সন্তানদের ডিনারে নিয়ে যান।

এই বছর বাচ্চাদের জন্য এবং চার বছর পর্যন্ত বয়সের শিশুদের জন্য সর্বোচ্চ বেনিফিট তিনগুণ করে 1000 মার্কিন ডলার করার মাধ্যমে আমি আমাদের পরিবারগুলিকে আরো সমর্থন করতে চাই। এবং 2026 সালে আমরা স্কুলে যাওয়ার বয়সী শিশুদের জন্য ক্রেডিট বাড়িয়ে 500 মার্কিন ডলার করবো। প্যারেন্টদের জন্য এর অর্থ হলো টেবিলে খাবার দিতে পারা এবং 2.7 মিলিয়ন শিশুর ব্যাকপ্যাকে আরো সাপ্লাই দিতে পারা।

আপনি যদি ভেবে দেখেন তাহলে অর্থনৈতিকভাবে এটি উত্তম ব্যাপার। চাইল্ড ট্যাক্স ক্রেডিটে বিনিয়োগ করা প্রতিটি মার্কিন ডলার এক মার্কিন ডলার ও 25 সেন্টের অর্থনৈতিক কর্মকাণ্ড তৈরি করবে। যা স্থানীয় দোকানে খরচ করা হয়, আমাদের স্থানীয় ব্যবসাগুলিকে সাহায্য করা হয়।

পরিবারের খরচ বাড়িয়ে দেয় এমন আরেকটি ব্যাপার নিয়ে আমাদের কাজ করতে হবে: চাইল্ড কেয়ার। ডেকেয়ারের জন্য বছরে 21,000 মার্কিন ডলারের বেশি খরচ হতে পারে। ভেবে দেখুন: তা পাবলিক কলেজের টিউশনের তুলনায় 155 শতাংশ বেশি।অনেক পরিবারের জন্য এটি দ্বিতীয় একটি বাসা ভাড়া দেওয়ার সমান।

এবং আমি জানি যে চাইল্ডকেয়ার ছাড়া জীবন কতটা কঠিন হতে পারে কারণ আমার সেই অভিজ্ঞতা আছে। আমার সন্তানরা যখন ছোট ছিলো তখন আমাকে চাকরি ছেড়ে দিতে হয়েছিলো কারণ আমি অ্যাক্সেসিবল, সামর্থ্যের মধ্যে ডেকেয়ার খুঁজে পাইনি। আমি যা কিছুর জন্য কাজ করেছিলাম তার সব কিছু পিছিয়ে গেছে। আমি জানতাম না কীভাবে আমি আমার ক্যারিয়ারকে আবার পথে আনবো। এবং আমি জানি যে পুরো নিউ ইয়র্কের অনেক মা-ই একই গল্প বলতে পারবেন।

ইউনিভার্সাল চাইল্ড কেয়ার পাওয়ার পথে আমাদের স্টেটকে স্থাপন করার জন্য আমি আইনসভার (legislature) সাথে পার্টনারশিপ করতে চাই।

এটি সত্যিই দরকার।

নতুন চাইল্ড কেয়ার সেন্টার গঠন করতে, পুরোনোগুলির সংস্কার করতে, এবং পুরো নিউ ইয়র্কের পরিবার ও কমিউনিটিগুলির জন্য অপশন বাড়াতে আমরা 110 মিলিয়ন মার্কিন ডলার দিতে যাচ্ছি। এবং আমরা বিকল্প চাইল্ড কেয়ার প্রফেশনালদের একটি কর্পস তৈরি করবো যাতে সবসময় কেউ না কেউ দায়িত্বে থাকে।

যখন ছোটরা বড় হয়ে উঠবে তখন তাদেরকে স্কুলেও আমাদের সমর্থন দিতে হবে। যা শুরু হবে দিনের প্রথম, সবথেকে গুরুত্বপূর্ণ মিল দিয়ে: ব্রেকফাস্ট এবং এরপর লাঞ্চ।

গবেষণা অনেক বেশি স্পষ্ট। যেসব শিশুরা ক্ষুধার্ত হয়ে বড় হয় তারা টেস্টে কম স্কোর করে এবং আন্ডারপারফর্ম করে। একজন মা হিসেবে এটি চিন্তা করে আমার কষ্ট হয় যে স্কুলে থাকার সময়, যখন তাদের শেখার কথা তখন ছোট শিশুরা ক্ষুধায় কষ্ট পাচ্ছে। বিশ্বের সবথেকে ধনী দেশে এটি আর সহ্য করা হবে না। আমেরিকাতে না এবং মহান নিউ ইয়র্ক স্টেটে কখনোই না।

আমার প্রস্তাবনার অধীনে, প্রত্যেক শিশু স্কুলে ফ্রি ব্রেকফাস্ট ও ফ্রি লাঞ্চ পাবে যাতে করে অভাবী শিশুদের লজ্জায় না পড়তে হয় এবং ক্লাসমেটদের থেকে আলাদা হওয়ার স্টিগমা না ভোগ করতে হয়।

এবং আমি এটি বলতে পেরে গর্বিত যে এখানে এমন কিছু মানুষ আছেন যারা এই স্বপ্নকে বাস্তবে পরিণত করতে যাচ্ছেন: অ্যালবানি (Albany) স্কুল ডিস্ট্রিক্টের স্কুল লাঞ্চ স্টাফ। তারা অনেক পরিশ্রম করেন। প্লিজ উঠে দাঁড়ান এবং আসুন তাদের জন্য করতালি দেই।

এবং আপনাকে যদি কখনো সকালে স্কুলের জন্য বাচ্চাদের তৈরি করতে হয়েছে তাহলে আপনি জানেন যে ব্রেকফাস্ট ও লাঞ্চ তৈরি করতে না হয় সময়ের একটি উপহার, যা ব্যস্ত প্যারেন্টদের জন্য সবথেকে মূল্যবান পণ্য। এছাড়াও সাশ্রয়ের ব্যাপার আছে; আপনার ওয়ালেটে প্রতি শিশুর জন্য প্রয়াত বছর ষোলশত মার্কিন ডলার পর্যন্ত বাঁচতে পারে।

আমার বন্ধুরা, আমি যেসব ব্যাপারে কথা বলছি তা সব মিলিয়ে প্রায় 5000 মার্কিন ডলার হয়। তো, আপনারা আমার কথা বিশ্বাস করছেন না? আপনার সেলফোন বা ক্যালকুলেটর বের করুন এবং আপনি তা চেক করতে পারবেন।

আসুন দেখা যাক একটি পরিবারের জন্য এর অর্থ কী, ধরা যাক তাদের দুইটি ছোট শিশু আছে (যা হলো 2,000 মার্কিন ডলার) এবং স্কুলে যাওয়ার বয়সী একটি শিশু আছে (আরো 500 মার্কিন ডলার)। বার্ষিক স্কুল মিল থেকে সাশ্রয় (1,600 মার্কিন ডলার), তার সাথে যোগ করুন আপনার পরিবারের রিবেট, এবং সেই সাথে ট্যাক্স কমানোর সাশ্রয় হিসেবে 500 মার্কিন ডলার যোগ করুন। এখন আমরা আপনার পকেটে সত্যিই প্রায় 5,000 মার্কিন ডলার ফেরত দেওয়ার কথা বলছি।

এভাবেই আমরা আমাদের স্টেটকে আরো সাশ্রয়ী করবো। এবং নিউ ইয়র্কবাসীদের পকেটে অর্থ ফেরত দেওয়ার উপায় খোঁজা আমরা কখনোই বন্ধ করবো না। গভর্নর হিসেবে প্রতি বছরই আমি এটি করেছি।

কিন্তু আরেকটি লড়াই আমি চালিয়ে যাবো: আমাদের স্টেটকে অবশ্যই বাসযোগ্য এবং নিরাপদ হতে হবে। আপনার পরিবারের জন্য আমার লড়াইয়ের অর্থ এটিও যে নিউ ইয়র্কবাসীরা রাস্তায়, আমাদের সাবওয়েতে, এবং আমাদের কমিউনিটিতে নিরাপদ বোধ করবে।

সবাই একমত হতে পারে এমন কমন সেন্স ব্যবস্থা দিয়ে আমরা এটি করতে পারবো। কারণ মানুষের হঠাৎ ভায়োলেন্স বা মানসিক স্বাস্থ্য সঙ্কটে থাকা কাউকে না এড়িয়ে সকালে কাজে যেতে পারা, প্লে দেখতে যেতে পারা, আমাদের দুর্দান্ত রেস্টুরেন্টগুলি উপভোগ্য করতে পারা উচিত।

আমরা আমাদের সাবওয়েকে একটি রোলিং হোমলেস শেল্টার হতে দিতে পারি না। আমরা ইতিমধ্যে আমাদের মানসিক স্বাস্থ্য ব্যবস্থাকে রিফর্ম করার জন্য 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছি, যা নিউ ইয়র্কের ইতিহাসের যেকোনো সময়ের তুলনায় বেশি সমর্থন। এবং এই কাজে আমার পার্টনার হওয়ার জন্য আমি আইনসভাকে ধন্যবাদ জানাচ্ছি। এই বিনিয়োগের অংশ হিসেবে, নিবেদিত দল দিনরাত কাজ করবে যাতে আমাদের সাবওয়ে থেকে মানসিকভাবে মারাত্মক অসুস্থ এবং হোমলেস মানুষকে সরিয়ে সাপোর্টিভ হাউজিংয়ে নেওয়া যায়।

কিন্তু আমরা জানি যে এটি যথেষ্ট নয়। আমাদের আইনকে আরো শক্তিশালী হতে হবে। এবং সেজন্য আমি উঠে দাঁড়িয়ে এটি বলতে রাজি যে আমাদের জন্য প্রয়োজন হলো হাসপাতালে ইনভলান্টারি কমিটমেন্ট বাড়ানো যাতে নিজেদের খেয়াল রাখার মানসিক ক্ষমতা নেই এমন ব্যক্তিকে অন্তর্ভুক্ত করা যায় যেমন যারা মৌলিক সাহায্য নিতে চায় না: অর্থাৎ কাপড়, খাবার, আশ্রয়, মেডিকেল কেয়ার।

এখন নিন্দুকেরা বলবে এটি দারিদ্র্য বা হোমলেস হওয়াকে অপরাধে পরিণত করা হচ্ছে। আমি বলবো এটি একদম ভুল কথা।

এটি হলো নিজেদের সাহায্য করতে না পারা মানুষকে সাহায্য করার মানবতা এবং সহানুভূতি, যারা আমাদের মতোই মানুষ এবং এমন মানসিক অসুস্থতায় ভুগছে যা তাদের নিজেদের ও অন্যদের জীবনকে বাস্তবিক অর্থেই ঝুঁকিগ্রস্ত করছে।

Julie LeClaire Neches (জুলি লেক্লেয়ার নেসেজ) একজন নিরলস অ্যাডভোকেট যিনি সহানুভূতিশীল কেয়ারের গুরুত্ব বুঝতে পারেন। তিনি মানসিক অসুস্থতার সাথে দীর্ঘ লড়াইয়ে নিজের মেয়ে Alix-কে (অ্যালিক্স) হারিয়েছেন। Alix (অ্যালিক্স) ছিলেন একজন উজ্জ্বল কমবয়সী মহিলা যিনি Dartmouth এবং NYU-এ পড়াশোনা করেছেন এবং একজন লেখক হওয়ার স্বপ্ন দেখতেন। Julie (জুলি) বিশ্বাস করতেন যে তার মেয়ে এখনো আমাদের সাথেই থাকতেন যদি ইনভলান্টারি কমিটমেন্টের আইন আরো শক্ত হতো এবং সময়ের আগেই তার মেয়েকে হাসপাতাল থেকে রিলিজ না দিয়ে দেওয়া হতো। Julie (জুলি), প্লিজ উঠে দাঁড়ান। এবং আপনার মতের জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাই।

এছাড়াও আমাদেরকে Kendra's Law জোরদার করতে হবে যাতে মানসিকভাবে মারাত্মক অসুস্থ ব্যক্তিরা সিস্টেমে আসা যাওয়া না করে বা রাস্তায় না থেকে দীর্ঘমেয়াদি চিকিৎসা পেতে পারে।

আমি জানি "ইনভলান্টারি কমিটমেন্ট" শব্দটি অতীতের জেলখানার মতো প্রতিষ্ঠানের কথা মানুষকে মনে করিয়ে দেয়। কিন্তু এইসব প্রস্তাবনার লক্ষ্য তা নয়। আমরা এখন একটি অন্য সময়ে বাস করছি। গত তিন বছরে আমাদের পলিসির ফলে আমরা আমাদের মানসিক স্বাস্থ্য ব্যবস্থাকে আরো ডাক্তার, আরো শয্যা, আরো কার্যকর চিকিৎসার অপশন এবং কেয়ারের ব্যাপারে আরো সহানুভূতিশীল মনোভাব দিয়ে বদলে দিয়েছি।

আসুন সত্যি কথাটা বলি: রাস্তায় চিকিৎসা ছাড়া মানুষকে কষ্ট পেতে দেওয়ার মধ্যে কোনো সহানুভূতি নেই। এবং মানুষকে নিজেদের ও অন্যদের ঝুঁকিতে ফেলার মধ্যে সহানুভূতির কোনো ব্যাপার নেই।

এখন, চলুন সাবওয়ে নিরাপত্তার ব্যাপারে আসা যাক। অপরাধ এবং অপরাধর ভয় কমাতে আমরা 1,250 জনের বেশি স্টেট কর্মীকে নিয়োগ দিয়েছি, যাদের মধ্যে আছে স্টেট পুলিশ (State Police) এবং ন্যাশনাল গার্ড, যাতে সাবওয়েতে নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের (New York Police Department, NYPD) চেষ্টাকে সমর্থন করা যায়। এবং আমি জোর দিয়েছি যাতে প্রত্যেকটি সাবওয়ে কারে ক্যামেরা থাকে। কমিউটার এবং MTA কর্মীদের আক্রমণ করার বিরুদ্ধে আইন আমরা জোরদার করেছি এবং অপরাধের যাতে দ্রুত শাস্তি হয় তা নিশ্চিত করতে আমাদের DA এবং আইন শৃঙ্খলা রক্ষাকারীদের মধ্যে কোঅর্ডিনেশনকে সহজ করেছি। মানুষকে ট্র্যাকে ঠেলে ফেলে দেওয়া ঠেকাতে আমরা স্টেশনে ব্যারিয়ার বসিয়েছি। কিন্তু আমাদেরকে এইসব চেষ্টার গতি বাড়াতে হবে।

প্রথমে, মেয়র Adams-এর (অ্যাডামস) সাথে কাজ করে আমরা আইন শৃঙ্খলা রক্ষাকারী আরো বাড়াবো। আমি প্ল্যাটফর্মগুলিতে ইউনিফর্ম পরা পুলিশ দেখতে চাই, আরো গুরুত্বপূর্ণ হলো আমরা প্রতিটি ট্রেনেই একজন অফিসার নিয়োগ করবো, যা করা হবে রাত 9টা থেকে ভোর 5টা পর্যন্ত ওভারনাইট, এবং গামী ছয় মাস ধরে স্টেট এইসব চেষ্টাকে আর্থিকভাবে সমর্থন করবে।

ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচারকেও আরো নিরাপদ হতে হবে। আমার নির্দেশে, MTA আরো 100টি স্টেশনে আরো বেশি ব্যারিয়ার বসাবে এবং সেই সাথে এই বছর শেষ হওয়ার আগে প্রতিটি স্টেশনে উজ্জ্বল LED বাতির ব্যবস্থা করবে। এবং নির্লজ্জ ভাড়া না দেওয়া মানুষদের অবশেষে আধুনিক গেট দিয়ে আটকানো হবে। এটি শুধু সাবওয়েকে কম কোলাহলপূর্ণ করবে না, বরং এছাড়াও MTA-এর আর্থিক অবস্থা জোরদার করতে এটি সাহায্য করবে। এবং আমরা সকল মুখ্য রুটের শেষে ট্রায়াজ সেন্টার স্থাপন করবো যেখানে মানুষ নামতে পারবে এবং 24/7 সাহায্য পাবে।

গেম প্ল্যানটি এরকম: যেখানে প্রয়োজন সেখানে আরো পুলিশ, থাকবে, নিরাপত্তা ইনফ্রাস্ট্রাকচার, এবং অতি গুরুত্বপূর্ণ ইন্টারভেনশন থাকবে যাতে হোমলেস ও মানসিক অসুস্থ ব্যক্তিদের তাদের প্রয়োজনীয় সাহায্য দেওয়া যায় যাতে তারা ট্রেনে থেকে যাত্রীদের ভয় না দেখাতে পারে।

কারণ আমার মনে হয় এখন যথেষ্ট হয়েছে। এই ঝামেলা শেষ হতেই হবে।

আপনার পরিবারের নিরাপত্তার জন্য আমার চলমান লড়াইয়ে আমি এছাড়াও গৃহ নির্যাতনের বিরুদ্ধে কাজ করছি, বিশেষ করে যখন তা শিশুসহ বাসায় হয়ে থাকে। আমার মা গৃহ নির্যাতনের শিকার ব্যক্তিদের একজন চ্যাম্পিয়ন। তিনি মারা যাওয়ার আগে আমরা অত্যাচারিত হওয়া নারী ও শিশুদের জন্য একটি নিরাপদ আশ্রয় তৈরি করতে একসাথে কাজ করেছি। আজকে আমরা যে কাজ করছি তার জন্য তিনি অনেক গর্বিত হতেন। এছাড়া আমরা রেপিস্টদের ধরার জন্য এবং প্রসিকিউট করার জন্য এবং অত্যাচারীদের হাতে বন্দুক না রাখার জন্য আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সাথে কাজ করছি।

এবং বার বার যারা অপরাধ করে, আমি চাই তারা রাস্তা থেকে দূরে থাকুক। এবং আমি চাই পুরো স্টেটের বিচারকরা আমাদের সাম্প্রতিক জামিনের আইনের পরিবর্তনের সব ক্ষমতা ব্যবহার করে সেই বার বার একই ঘটনার চক্র বন্ধ করবেন যেখানে অপরাধীদের কোনো পরিণতি ছাড়া বার বার ছেড়ে দেওয়া হয় এবং তারা আবার অপরাধ করে। এবং আমি অবশেষে সেই লুপহোল বন্ধ করতে লড়াই করবো যা আমাদের ডিসকভারি আইনে তৈরি হয়েছে যা ট্রায়ালে বিলম্ব করে এবং ছোটখাট ভুলের জন্য মামলা খারিজ করে দেয়।

আপনার পরিবারের জন্য আমার লড়াইয়ের আরেকটি হলো অনলাইনে শিশুদের সুরক্ষা দেওয়া।

যেমনটি আমি আগেই বলেছি, নিউ ইয়র্ক হলো কমবয়সী মানুষকে আসক্তিজনক সোশ্যাল মিডিয়া অ্যালগোরিদম থেকে রক্ষা করার ব্যবস্থা নেওয়া দেশের প্রথম স্টেট, যেখানে অন্য স্টেটগুলি ব্যর্থ হয়েছে আমরা সফল হয়েছি। এখন, আমরা নতুন এবং বিবর্তন হতে থাকা বিপদের মোকাবেলা করবো এবং বন্ধু হওয়ার ভান করা ক্ষতিকর AI বটের থেকে আমাদের শিশুদের বাঁচাবো। কমবয়সীদের মানসিক স্বাস্থ্যকে অগ্রাধিকার দেওয়ার আমাদের ধারাবাহিক চেষ্টার এটি একটি অংশ যার মধ্যে আছে স্কুলে মানসিক স্বাস্থ্যের ফার্স্ট এইড এবং ক্লিনিকে আরো বিনিয়োগ করা।

কিন্তু আমাদের সন্তানদের সোশ্যাল মিডিয়া থেকে সত্যিকারের মুক্তি দিতে হলে আমাদেরকে তাদের এমন স্থান দিতে হবে যেখানে তারা শিশুসুলভ আচরণ করতে পারে। এটি কমন সেন্স মাত্র।

সেজন্য আমি "আনপ্লাগ অ্যান্ড প্লে" উদ্যোগটি শুরু করেছে।

আমরা নতুন খেলার মাঠ বানাবো এবং শিশুদের জন্য মিউজিক ও ড্রামা ক্লাব, ইয়ুথ ভলান্টিয়ার অর্গানাইজেশন, এবং স্পোর্টস টিমে যোগ দেওয়ার কয়েক লাখ নতুন সুযোগ তৈরি করবো।

এই কর্মকাণ্ডগুলি রূপান্তরমূলক হতে পারে। এই ব্যাপারে আমাদের সাথে আজকে এখানে থাকা Brian Hernandez-Lopez-কে (ব্রায়ান হার্নান্ডেজ-লোপেজ) জিজ্ঞেস করতে পারেন। Brian (ব্রায়ান) 13 বছর বয়সে ঘুরতে ঘুরতে স্কেনেকট্যাডির (Schenectady) Ring of Hope Boxing Club-এ চলে যান। তিনি সেই সময়ে তার কোচদের বলেন, "আমার শুধু একটি উপায় দরকার যা দিয়ে আমি নিজের রক্ষা করতে পারবো।" এবং তিনি শুধু এই খেলাটিকে নয়, বরং এটি তাকে যেই অনুভূতি দেয় সেটিকেও ভালোবেসে ফেলেন। শক্তিশালী ও আশাবাদী। আত্মবিশ্বাসী যে তিনি যা খুশি করতে পারবেন, রিংয়ের ভেতরে এবং বাইরে। আজকে, Brian (ব্রায়ান) একজন

হাই স্কুল সিনিয়র হিসেবে তার অ্যাসোসিয়েটস ডিগ্রি শেষ করছেন এবং একই সাথে ক্লাবে কমবয়সী শিশুদের কোচিং করছেন। তো, তার ভবিষ্যৎ এখন আরো অনেক উজ্জ্বল। এবং সেটিই হলো আমাদের ইয়ুথ প্রোগ্রামগুলির ক্ষমতা। Brian (ব্রায়ান), প্লিজ উঠে দাঁড়ান।

আমি এখন পর্যন্ত আমাদের ক্রয়ক্ষমতা এবং জননিরাপত্তা এজেন্ডা নিয়ে কথা বলেছি। এখন সময় এসেছে এমন একটি ব্যাপারে কথা বলার যেটি কমন সেন্স বলেই আমি বিশ্বাস করি।

একটি স্থিতিশীল বাসা হলো একটি স্থিতিশীল জীবনের ভিত্তি। কিন্তু অনেক বেশি নিউ ইয়র্কবাসীর জন্য, এটি এমন একটি স্বপ্ন যা নাগালের বাইরে মনে হয়। এবং আমি প্রথম এই কথা বলছি না, কিন্তু ভাড়া অতিরিক্ত বেশি! এবং মানুষের মর্টগেজের ব্যাপারেও এটি সত্যি। হাউজিং হলো আমাদের ক্রয়ক্ষমতার সঙ্কটের এক নম্বর চালক। এবং হাউজিংয়ের দাম কমানোর একমাত্র উপায় হলো সাপ্লাই বাড়ানো। আমাদের নির্মাণ করতে হবে, এবং নির্মাণ করতে হবে, এবং আরো নির্মাণ করতে হবে।

আমার প্রথম স্টেট অফ দ্য স্টেট ভাষণে আমি পাঁচ বছরে 100,000 ইউনিট তৈরি বা সংরক্ষণ করার একটি উচ্চাকাঙ্ক্ষী পরিকল্পনা উন্মোচন করেছিলাম। আমি গর্বিত যে সময়ের আগেই আমরা আমাদের লক্ষ্যের অর্ধেকে পৌঁছে গেছি। কিন্তু আরো কাজ করা দরকার। গত বছর প্রো-হাউজিং কমিউনিটিতে আমরা যে 650 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছি তার পাশাপাশি চলুন স্থানীয় ডেভেলপমেন্টে আরো 100 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা যাক।

এই টার্গেটেড বাড়ির মালিকানার কৌশলে রয়েছে: স্টার্টার হোম তৈরির জন্য এবং প্রথমবারের মতো বাড়ি কিনতে যাওয়া ব্যক্তিদের ডাউন পেমেন্ট সহায়তা দেওয়ার জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার। এবং আমি একটি হাউজিং ডেভেলপমেন্ট ওমবাডসম্যান প্রস্তাব করছি যাতে অনুমোদন সহজ করা যায় এবং আরো দ্রুত কাজ শুরু করা যায়।

এবং আমরা পুরো দেশে হাউজিং বাজারে শ্বাসরোধ করে রাখা বেসরকারি ইক্যুইটি ফার্মগুলির বিরুদ্ধে কঠিন ব্যবস্থা নিচ্ছি। আমরা সবাই এটি দেখেছি: একটি তরুণ পরিবার তাদের পছন্দের একটি বাসা খুঁজে পায়, তারা নিজেদের কাছে থাকা প্রত্যেক মার্কিন ডলার একত্র করে, এবং তারা একটি চেহারাহীন, নামহীন কর্পোরেশনের পুরোপুরি নগদে কেনার অফারের কাছে হেরে যায় যাদের কমিউনিটির সাথে কোনো যোগাযোগই নেই। কর্পোরেট বাড়িওয়ালারা কম মেয়াদে ভাড়া দেওয়ার জন্য আমাদের হাউজিংয়ের স্টককে অপব্যবহার করে এবং এর থেকেও খারাপ দাম বাড়তে থাকার সময় তারা বাসা খালি রেখে দেয়।

সেজন্য নিউ ইয়র্ক এমন কিছু করবে যা দেশের অন্য কোনো স্টেট করেনি এবং কোনো প্রোপার্টির বাজারে থাকার প্রথম 75 দিন বিড করা বেসরকারি ইক্যুইটি কোম্পানিগুলির জন্য নিষিদ্ধ করে। এভাবে আমরা নিশ্চিত করবো যাতে এক এবং দুই পরিবারের বাসাগুলি সেই পরিবারের জন্য উপলভ্য থাকে যাদের জন্য এগুলি বানানো হয়েছে। এবং এভাবেই আমরা আরো বেশি নিউ ইয়র্কবাসীর জন্য বাড়ির মালিকানা সম্ভব করবো। এছাড়া আমরা ভাড়া বাড়িয়ে দেওয়ার মূল্য স্থির করার সফটওয়্যার নিষিদ্ধ করবো যার কারণে পুরো দেশের ভাড়াটিয়াদের বছরে 3.8 বিলিয়ন মার্কিন ডলার খরচ হয়।

যেমনটি আমরা আমাদের অতীতের লড়াইয়ে দেখেছি, লড়াই ছাড়া আমরা হাউজিং বাজারের সম্পূর্ণ সম্ভাবনা ব্যবহার করতে পারবো না। এভাবেই তা করতে হবে। কিন্তু নিউ ইয়র্কবাসীরা আমাদের থেকে এটিই আশা করছে। আমি তাদের হতাশ করতে পারি না এবং করবো না।

এবং আমরা পরিবহনে আমাদের বিনিয়োগের ব্যাপারে একই উচ্চাকাঙক্ষা দেখিয়েছি কারণ আমাদের কাজ হলো নিরাপদ রাস্তা, এবং ব্রিজ, এবং বাস, এবং ট্রেন এবং সাবওয়ে ব্যবহার করে আপনারা যাতে যেখানে প্রয়োজন যেতে পারেন সে ব্যবস্থা করা। এবং যেখানেই সম্ভব হবে, আপনার দিনের সময় বাঁচিয়ে দেওয়ার ব্যবস্থা করা।

মাত্র গত সপ্তাহেই আমি Metro North-এ চড়েছি যেখানে আমি কমিউটারদের বলেছি যে আমি স্টেশনের উন্নয়ন করতে চাই এবং ম্যানহাটন (Manhattan) এবং পকিপ্সির (Poughkeepsie) মধ্যে যাতায়াতের সময় কমাতে চাই। যা হতে পারে প্রতি দিকে 15 মিনিট পর্যন্ত। এটি কমিউটারদের জন্য বছরে 130 ঘণ্টা পর্যন্ত বাঁচাবে। এটি আজকে আমাদের সাথে থাকা Helene Brown-এর (হেলেন ব্রাউন) মতো মানুষদের জন্য লাভজনক হবে। তিনি CUNY-তে কাজ করেন এবং প্রতিদিন ইয়োঙ্কার্স (Yonkers) থেকে শহরে যাতায়াত করেন। এবং শুক্রবার Long Island Rail Road-এ আমার যেসব যাত্রীদের সাথে দেখা হয়েছে, আমাদের কৌশল আপনাদের জন্যও আরো ভালো কমিউটের ব্যবস্থা করবে।

গভর্নর হওয়ার পর থেকে আমি ভালো পাবলিক ওয়ার্কস গঠন করছি, যা অনেক দশক আগে হওয়া উচিত ছিলো এবং কয়েক হাজার ভালো ইউনিয়ন চাকরি তৈরি করছি। এখন আমেরিকার সবথেকে বড় তহবিলের ইনফ্রাস্ট্রাকচার প্রোজেক্ট, হাডসনের (Hudson) নিচের Gateway Tunnel, এবং সেই সাথে ইস্ট হার্লেমে (East Harlem) Second Avenue Subway বাড়ানোর যা একটি ট্রানজিট মরুভূমি দূর করে এবং আরো ভালো বেতনের চাকরির অ্যাক্সেস তৈরি করে, এবং ব্রুকলিন (Brooklyn) এবং কুইন্স (Queens) সংযুক্ত করার Interborough Express-এর মতো প্রোজেক্ট। সিরাকিউজের মতো কমিউনিটিগুলিকে সংযুক্ত করা যা I-81 দিয়ে আলাদা হয়েছে এবং অ্যালবানিতেই একটি নতুন Livingston Avenue Bridge গঠন করা।

এই বছর আমি MTA-এর ক্যাপিটাল প্ল্যানকে সমর্থন করছি। আমাদেরকে অবশ্যই বহু দশকের ব্যর্থতা শেষ করতে হবে যাতে এই অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচার কঠিন কিন্তু প্রয়োজনীয় বিনিয়োগ করা যায়। আমরা যদি তা না করতে পারি তাহলে ভবিষ্যতের ট্রানজিট সিস্টেম এবং আমাদের স্টেটের অর্থনৈতিক শক্তি ঝুঁকিগ্রস্ত হবে।

আমরা শিক্ষার কথা না বলে ভবিষ্যতের কথা বলতে পারি না। সকলের জন্য সুযোগ উন্মোচন করার জন্য এটি দারুণ সমতার একটি ব্যাপার।

আমার বাবার কলেজ ডিগ্রি আমাদের পরিবারকে দারিদ্র্য থেকে বের করেছে এবং আরো ভালো বেতনের চাকরির সুযোগ দিয়েছে। গত দুই বছর ধরে আইনসভার সাথে কাজ করে আমরা SUNY এবং CUNY-এর জন্য টিউশন সহায়তা দ্বিগুণের বেশি করেছি এবং যোগ্যতার সুযোগ বাড়িয়েছি।

এবং এখন আমরা আরো বেশি সাহসী হতে যাচ্ছি: আমরা অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং, শিক্ষা এবং হেলথকেয়ারের মতো বেশি চাহিদা থাকা ক্ষেত্রে প্রবেশ করতে যাওয়া 25-55 বছরের

স্টুডেন্টদের জন্য কমিউনিটি কলেজ সম্পূর্ণ ফ্রি করতে যাচ্ছি। এটি নতুন ক্যারিয়ারের চেষ্টা করা নিউ ইয়র্কবাসীর জন্য সত্যিকারের সাশ্রয় এবং তাদেরকে অর্থ ফেরত দিবে এবং একই সাথে এইসব অতি গুরুত্বপূর্ণ ইন্ডাস্ট্রিতে চাকরির শূন্যপদ পূরণ করবে।

আমরা কখনোই ভুলি না যে নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসাগুলি শক্তিশালী কমিউনিটির ভিত্তিপ্রস্তর। আমার মা এবং বোনকে তাদের ব্যবসা শুরু করতে সাহায্য করে আমি বুঝেছি তারা কী কী সমস্যার মুখোমুখি হয়। আমাদেরকে এমন একটি পরিবেশ তৈরি করতেই হবে যেখানে ক্ষুদ্র ব্যবসাগুলি মনে করতে পারবে যে তাদের সরকার তাদের পেছনে লেগে নেই বরং তাদের সাথেই আছে।

ইন্ডাস্ট্রিয়াল রেভলুশন (Industrial Revolution) পুরো নিউ ইয়র্কের সিটিগুলিকে গ্যালভানাইজ করেছে। কিন্তু সেই অর্থনৈতিক অগ্রগতির জন্য অনেক দাম দিতে হয়েছে। কারখানাগুলি লেক ইরিতে (Lake Erie) বর্জ্য এবং রাসায়নিক ফেলেছে। আমি তা দেখেছি। আমার মনে আছে ছোট থাকতে মরা, দুর্গন্ধযুক্ত মাছের ডিঙ্গিয়ে সৈকতে গিয়েছি এবং আকাশকে কমলা ধোঁয়ায় ভোরে যেতে দেখেছি। আজকে যখন আমরা একটি নতুন আবিষ্কারের রেভলুশনে পা দিতে যাচ্ছি তখন এই ভুল থেকে আমাদের শিক্ষা নিতেই হবে।

আমাদের পৃথিবী কত দুর্বল এবং লাভের আশায় প্রকৃতিকে বিসর্জন দিলে ভবিষ্যতে কী হবে আমাদেরকে তা মনে করার জন্য লস অ্যাঞ্জেলসের (Los Angeles) প্রাণঘাতী আগুন দেখলেই চলবে। ক্যালিফোর্নিয়ায় (California) বাড়িঘর ও প্রিয়জন হারানো সকলের জন্য আমরা দুঃখিত। নিজেদের কমিউনিটিকে আগুনের দেওয়াল থেকে বাঁচাতে 24 ঘণ্টার শিফটে কাজ করা দমকল কর্মীদের প্রতি আমি কৃতজ্ঞ। এবং আমি নিউ ইয়র্কের ন্যাশনাল গার্ডসমেনদের (New York National Guardsmen) নিয়ে সত্যিই গর্বিত যাদেরকে সাহায্য করার জন্য ক্যালফোর্নিয়াতে (California) পাঠানো হয়েছে। আমি জানি তাদের নিরাপত্তার জন্য এবং এই মর্মান্তিক ট্র্যাজেডিতে আক্রান্ত সকলের জন্য একটি নিঃশব্দ প্রার্থনা করতে আপনারা সবাই আমার সাথে যোগ দিবেন।

এছাড়াও আমাকে আমাদের সাহসী দমকলকর্মীদের একজন আমাদের সাথে আছেন: চীফ Alex Nicholas (অ্যালেক্স নিকোলাস)। মাত্র কয়েক মাস আগে ক্যাটস্কিলসে (Catskills) আমাদের স্টেটের দেখা সবথেকে খারাপ দাবানলগুলির একটির বিরুদ্ধে লড়াইয়ে তিনি ফ্রন্ট লাইনে ছিলেন।

এবং এটি শুধু দাবানল নয়। গত কয়েক বছরে আমরা রেকর্ড তাপ, খরা, বন্যা, টর্নেডো, ব্লিজার্ড, হারিকেন দেখেছি। আপনার পরিবারের জন্য আমার লড়াইয়ের আরেকটি অর্থ হলো এইসব বিপর্যয়কে আমাদের নতুন স্বাভাবিক অবস্থা হওয়া থেকে প্রতিরোধ করা। কারণ আমরা সত্যিই জলবায়ু পরিবর্তনের প্রভাব দেখতে পাওয়া প্রথম জেনারেশন এবং আমরাই শেষ জেনারেশন যারা এই ব্যাপারে কিছু করতে পারবো। সেজন্য অনেক বিরোধিতা থাকার পরেও আমি আইনসভায় পাশ হওয়া Climate Change Superfund Act সাইন করেছি এবং ঘোষণা করেছি যে জলবায়ু পরিবর্তনের পরিণতির জন্য দাম দিতে হবে বড় কর্পোরেট দূষণকারীদেরকে, নিউ ইয়র্কের ট্যাক্সপেয়ারদের নয়। এবং অন্য সব স্টেটের উচিত আমাদের পথ অনুসরণ করা।

আমরা লং আইল্যান্ডের উপকূলে অফশোর উইন্ড এবং কুইবেক থেকে আসা হাইড্রোইলেকট্রিক পাওয়ার দিয়ে নিউ ইয়র্ক সিটিকে পাওয়ার করার মাধ্যমে কার্বন নিঃসরণ কমাতে আরেকবার অঙ্গীকার করেছি। এবং এই বছর আমি নিঃসরণমুক্ত অর্থনীতিতে ট্রানজিশনকে আরো অগ্রসর করার জন্য ঐতিহাসিক 1 বিলিয়ন মার্কিন ডলারের আহ্বান করছি।

এছাড়াও আমরা সবুজ ইন্ডাস্ট্রির জন্য পাওয়ার-রেডি সাইট বানাতে যাচ্ছি, এ ধরণের চেষ্টাই Micron-এর ঐতিহাসিক 100 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ পেতে আমাদের সাহায্য করেছে যা আপস্টেট নিউ ইয়র্কে 50,000 চাকরি তৈরি করবে। ভবিষ্যতের অর্থনীতি: মাইক্রোচিপ ফ্যাব, ডেটা সেন্টার এবং সুপারকম্পিউটার যা AI-এর বিশাল শক্তি চাহিদাকে পূরণ করে। এইসব ইন্ডাস্ট্রিকে সমর্থন করার জন্য আমরা ইতিমধ্যে উন্নত নিউক্লিয়ার কৌশল গঠন শুরু করেছি। এটি একটি ভালো বিনিয়োগ।

শুধু আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সই 2038 সালের মধ্যে আমাদের স্টেটে 320 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক বিকাশ করবে বলে অনুমান করা হচ্ছে, যা কৃষি থেকে মেডিসিন পর্যন্ত অনেক খাতকে বদলে দিবে। সেজন্য আমরা গত বছর Empire AI শুরু করেছি: যাতে একাডেমিক গবেষণার জন্য এবং ভালো কাজে এই প্রযুক্তিকে ব্যবহার করার জন্য দেশের সবথেকে শক্তিশালী সুপার কম্পিউটার গঠন করা যায়।

পুরোটাই হলো সময়ের পরীক্ষায় পাশ করতে পারবে এমন একটি সাস্টেনেবল অর্থনীতি তৈরি করার আমার চেষ্টার একটি অংশ, কারণ আমরা ব্যর্থ হলে কোনো প্ল্যান বি নেই।

এটি আমার জন্য এতো গুরুত্বপূর্ণ কেনো? কারণ আপনার পরিবারের জন্য আমার লড়াইয়ের মধ্যে আছে নিশ্চিত করা যাতে আপনাদের সন্তান ও নাতি নাতনিরা ঠিক এখানেই ক্লিন এনার্জির শক্তিতে ভবিষ্যতের চাকরি পেতে পারে।

এখন আমি আমার যুদ্ধ পরিকল্পনার কয়েকটি অংশে আলোকপাত করছি। আমি আপনাদের আশ্বস্ত করছি যে স্টেট অফ দ্য স্টেট বুকে 200-এর বেশি প্রস্তাবনা আছে, এবং আমি নিশ্চিত যে আপনারা সকলেই আজকে রাতে এটি পড়তে চাবেন। এটি হলো আমাদের 2025 সালের ব্লুপ্রিন্ট যা দিয়ে আমরা নিউ ইয়র্কের শিশু ও পরিবারের জন্য লড়াই চালিয়ে যাবো।

আসুন আরেকবার দেখা যাক: অপরাধ কমানো, ট্যাক্স কম করা, চাইল্ডকেয়ার এবং শিক্ষা, চাকরি, নতুন বাসা, ক্লিন এনার্জি, ক্ষুদ্র ব্যবসায় বিনিয়োগ করা এবং এমন একটি দৃঢ় অর্থনীতি গঠন করা যা অনেক জেনারেশন ধরে টিকে থাকবে।

হ্যাঁ, এটি সাহসী: কিন্তু যেমনটি Wayne Gretzky-এর (ওয়েইন গ্রেটজকি) বিখ্যাত কথা আছে, "আপনি যে সুযোগ নিবেন না তার শতভাগই পেলেন না (you miss 100 percent of the shots you don’t take)"। এবং আমি সবসময় সুযোগ নিবো।

পরিবার সম্পর্কে এবং আমি যে সুযোগগুলি নিয়েছি তা সম্পর্কে আমি আজকে অনেক কথা বলেছি। এবং তা আমাকে আমার নিজের পরিবার সম্পর্কে ভাবাচ্ছে, বিশেষ করে আমার বাবার কথা, আমি যখন 7 অক্টোবরের সন্ত্রাসী হামলার পর ইসরায়েলে (Israel) যাওয়ার পথে ছিলাম তখন তিনি হঠাৎ মারা যান।

অনেক রাতে একটি ওয়ার জোনে যাওয়ার জন্য ফ্লাইটে উঠার ঠিক আগে আমি তার কাছে আমার শেষ ফোন কলটি করেছিলাম। তিনি বলে, "Dollly (ডলি)...আমি তোমাকে নিয়ে অনেক গর্ব করি।" কিন্তু তোমাকে সাবধান হয়ে কাজ করতে হবে।

আমি দুঃখিত, বাবা, কিন্তু আমি চুপ থাকতে পারি না। কারণ তুমি আমাকে শিখিয়েছো চুপ করে থাকা যাবে না, প্রয়োজনের লড়াই সামনে থেকে করতে হবে। এবং তুমি সবসময় বলেছো যখন সময় কঠিন হয়ে যায়, তখন সাহসীরা এগিয়ে যায়। প্রতিযোগিতা করতে হবে এবং জোর প্রতিযোগিতা করতে হবে। এবং আমার বাবা মা আমার মধ্যে যেসব মূল্যবোধ দিয়েছেন টি আর মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ হলো ভালো লড়াই সবসময়ই করতে হবে। নিউ ইয়র্কের সেই লড়াই করার, প্রতিযোগিতা করার চেতনাই আমাদেরকে এতো মহান করে।

আমরা সেই চেতনা দেখতে পারি New York Liberty-এর আমাদের চ্যাম্পিয়নদের মধ্যে, যারা Westchester County Center-এ মাত্র কয়েক হাজার ভক্তের সামনে খেলা থেকেই শুরু করে তিন বছর পরেই বিশাল উৎসাহী সোল্ড-আউট জনতার সামনে জাতীয় চ্যাম্পিয়ন হয়েছে, দুর্দান্ত Timeless Torches যাদের জন্য চিয়ার করেছে।

আমরা এটি দেখতে পারি যখন বহু বছরের প্লে-অফ খরার পর বাতিলের খাতায় চলে যাওয়া Buffalo Bills এখন আমাদের নিজেদের MVP Josh Allen-কে (জশ অ্যালেন) নিয়ে মহানতার পথে অবস্থান করছে, সব জায়গার নিউ ইয়র্কবাসীকে আরেকবার বিশ্বাস করতে ঐক্যবদ্ধ করছে।

কিন্তু জেতাই চ্যাম্পিয়নদের সংজ্ঞা <u>নয়</u>। এটি হলো হেরে যাওয়ার পর তারা কী করে সেটি। আরেকবার লড়াই করতে উঠে দাঁড়ানো।

এবং সেই প্রতিযোগিতামূলক চেতনাকে শুধু আমাদের স্টার অ্যাথলেটরা বরণ করে নেই না। এটি নিজেদেরকে নিউ ইয়র্কবাসী বলা সকলের DNA-তে ছাপানো আছে। মজবুত, সাহসী, দৃঢ়, গৌরবপূর্ণ, প্রতিকূলতার সামনে অটল। এই স্টেটের প্রতিটি কোণায় আমি এমন নিউ ইয়র্ককেই দেখতে পেরেছি।

আমাদের পরিবার, আমাদের সিনিয়র, আমাদের স্টুডেন্ট, আমাদের শিক্ষক, আমাদের ফার্মার, আমাদের ভেটেরান, আমাদের উদ্যোক্তাদের শক্তি দেখে আমি বিস্মিত।

যেমনটি Jillian Hanesworth (জিলিয়ান হ্যান্সওয়ার্থ) তার কবিতায় বলেছে, "আমাদের বাসায়, সবসময় সূর্য উঠে (in our home, the sun always rises)।" হ্যাঁ ঠিক তাই, Jillian (জিলিয়ান)। নিউ ইয়র্কে সূর্য <u>সবসময়</u> উঠে। মন্দ সময়ের মধ্যে এই স্টেটকে নেতৃত্ব দিতে পেরে আমি অনেক গর্বিত।

তিন বছর আগে আমি যখন দায়িত্ব নেই তখন আমাদের স্টেট সঙ্কটে ছিলো এবং সেই অবস্থাকে সঠিক করতে আমরা সিদ্ধান্তমূলক পদক্ষেপ নিয়েছি। এবং এখনো যে বহু চ্যালেঞ্জ আছে তা স্বত্বেও আমরা দেখছি যে সূর্য উজ্জ্বলই আছে।

আমরা এটি দেখতে পারি কারণ আমি দায়িত্ব নেওয়ার পর থেকে পুরো স্টেটে 1 মিলিয়ন নতুন ব্যবসা খুলেছে। যে 740,000টি বেসরকারি খাতের চাকরি আমরা তৈরি করেছি। আমরা এটি দেখতে পারি যখন আমাদের LGBTQ+ নিজেদের মতো থাকতে নিরাপদ বোধ করে। আমরা এটি দেখতে পারি যখন ডিজেবিলিটিসহ নিউ ইয়র্কবাসীরা সমর্থন এবং ক্ষমতা পায়। এবং আমরা এটি দেখতে পারি যখন বাফেলো থেকে নিউ ইয়র্ক সিটি পর্যন্ত আমাদের মহান শহরগুলিতে প্রাণশক্তি ও প্রাণোচ্ছলতা ফেরত আসতে দেখি যেখানে সাইডওয়াকগুলিতে ভিড় থেকে, রেস্টুরেন্ট ভরা থাকে, এবং ব্রডওয়ে ফেরত এসেছে।

তো তাই এখন যখন আমরা সাহায্য প্রয়োজন এমন বহু নিউ ইয়র্কবাসীদের উপর মনোযোগ দেওয়া চালিয়ে যাচ্ছি, আসুন আজকে সংকল্প করা যাক যে আশায় ভর্তি হৃদয় ও আত্মা নিয়ে এবং আমাদের ভবিষ্যতে আস্থা রেখে আমরা সমস্যার মোকাবেলা করবো।

এভাবেই আমরা গ্রেট ডিপ্রেশন (Great Depression), 70-এর দশকের ইনফ্লেশন এবং ইন্ডাস্ট্রির পতন, 9/11, গ্রেট রিসেশন এবং একটি গ্লোবাল মহামারী কাটিয়ে উঠতে পেরেছি। কারণ এটি এম্পায়ার স্টেট: পুনরায় উঠে দাঁড়ানোর জায়গা। আমরা বিপদ কাটিয়ে উঠতে পারি। এটিই আমাদের পরিচয়। এবং আমরা নিশ্চিত করবো যাতে পড়ে যাওয়া মানুষ আমার উঠে দাঁড়াতে পারে।

কারণ আপনার পরিবারই আমার লড়াই, এবং মহান নিউ ইয়র্ক স্টেটের মানুষের জন্য লড়াই আমি কখনো থামাবো না।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন